# THE INSTITUTE OF BANKERS, BANGLADESH (IBB)

## 97th Banking Professional Examination, 2023

AIBB

**Sustainable Finance (SF)**

**Subject Code : 2 1 1**

Time—3 hours

Full marks—100

**Pass marks—45**

*[N.B. The figures in the right margin indicate full marks. Answer any* **five** *questions.]*

Marks

1. Write short notes (any **four**) : 5×4=20
   - *(a)* Green Sukuk
   - *(b)* Climate Change Loss and Damage
   - *(c)* Circular Economy
   - *(d)* Conference of Parties (COP)-27
   - *(e)* Commercialization Agriculture
   - *(f)* Warehouse Receipt Financing
   - *(g)* Net Zero Alliance
   - *(h)* Greening the Financial Sector.

2. Describe with differences on the following (any **four**) : 5×4=20
   - *(a)* Green Governance and Corporate Governance
   - *(b)* Blue Economy and Green Economy
   - *(c)* Green Finance and Climate Finance
   - *(d)* Carbon Footprint Measurement and Carbon Accounting
   - *(e)* Environmental Risk and Credit Risk
   - *(f)* Fuel Based Energy and Renewable Energy
   - *(g)* Climate Change Mitigation and Climate Change Adaptation
   - *(h)* Index Based Insurance and Crop Insurance.

3. *(a)* Why green financing is important for Banks and FIs. 6
   *(b)* What are the challenges and opportunities of sustainable finance? 6
   *(c)* Draw the diagram and name the components of the sustainable finance taxonomy. Discuss the identification of other sustainable linked finance. 8

4. *(a)* What are the "People, Planet and Profit" (3 P) principles of sustainability? Explain how they relate with environmental, social and economic core concepts of sustainability? 4+4=8
   *(b)* What are the differences between Green Investment and Green Washing? 4
   *(c)* How can a Green Investment turn into Green Washing? Can a Green Washing activity lead a business towards money laundering? 4+4=8

5. *(a)* What is sustainability Rating of Banks and FIs? 4
   *(b)* What is the impact of sustainability rating on financial sector? 4
   *(c)* Describe major components of sustainability rating? 6
   *(d)* Describe briefly both quantitative and qualitative components of sustainability rating. 6

6. *(a)* What does mean by de-carbonization? How can smart cities expedite de-carbonization? 6
   *(b)* Discuss in detail about SDGs alignment with sustainability? 7
   *(c)* What hardles have you experienced in the sustainability shock during COVID-19 Pandemic. 7

*[Please turn over*

Marks

7. (a) What do you understand by Green Bond and Blue Bond? 6

(b) Describe the procedure of investment in Green Bond by a Bank/FI according to the policy on Green Bond Financing for Banks and Financial Institutions. 6

(c) How banks can avoid the problem of long-term financing using short-term deposit issuing green bond and can contribute to the infrastructure development of country? 8

8. (a) What do you mean by No Frill Accounts for Financial Inclusion? 4

(b) Describe the policy approach for deposit inclusion in Bangladesh. 6

(c) What do you understand by Credit Guarantee Scheme? What are the potential sectors for Green Credit Guarantee Schemes in your opinion? 5+5=10

9. (a) What do you understand by the refinance schemes of Bangladesh Bank? What are the main refinance schemes of Bangladesh Bank to promote green financing? 6

(b) Explain the procedure of receiving funds from the Green Transformation Fund (GTF). 4

(c) What are the Sustainable Finance Dedicated Helpdesk and Sustainable Finance Units? What are instruction from Bangladesh Bank to establish these desks. 10

10. Himalayan Dressers Ltd. is a renouned knit garments exporter. The firm has already taken a project to expand their business by establishing a Green Building having energy efficient capital machinery. To do that they have been assisted by XYZ Bank Ltd. The said firm bought their capital machineries and placed them in their new building. Before setting up those machineries the owner of that firm bought the fire fighting equipment and electrical set up locally. XYZ Bank Ltd. opened some Upas L/Cs favouring Himalayan Dressers Ltd. to import those capital machineries. Those Upas L/Cs were initially funded by the off-shore banking operations of XYZ Bank Ltd. At the end of the acceptance period of related L/Cs the owner of Himalayan Dressers Ltd. came to know about refinancing facilities of Bangladesh Bank like GTF and TDF and he wants to avail them as he requested bank to go for those refinance. Now thinking about the higher interest charges of BDT term loan the owner desperately wants to avail one of the refinance facilities of Bangladesh Bank. The cost of capital machineries are 3·5 million USD. Additional information are given below : 20

1. Local procurement cost is BDT 10·00 crore.
2. XYZ Bank Ltd. already created a term loan against the import payments of capital machineries two month ago.
3. Around 80% of the imported machineries are energy efficient.
4. XYZ Bank Ltd. is a private commercial bank having 7·5% NPL.
5. In both cases Bangladesh Bank will charge 1% to PFLs and the client will be charged 5% (maximum).
6. The client has already paid 20% of import cost as equity.
7. The firm is also thinking about applying a refinance for Green Building.

**Considering the above mentioned clauses answer the following questions :**

(a) Analyzing those aspects which facility do you think is more favourable for the firm?

(b) How much money the owner can get as a loan for the project under refinancing? Explain.

(c) What will be the allowable loan period? What will be the applicable grace period?

(d) Is the applicant eligible for further application for green building? Explain.

(e) If the firm owner uses the loan for other purpose, what will be the consequences for PFIs and what are the actions to be taken?

[বাংলা অনুবাদ]

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিন।]

নম্বর

১। টীকা লিখুন (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) গ্রীন সুকুক

(খ) জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতি

(গ) বৃত্তাকার অর্থনীতি

(ঘ) কনফারেন্স অব পার্টিজ (কপ)-২৭

(ঙ) কৃষির বাণিজ্যিকীকরণ

(চ) ওয়্যারহাউজ রিসিপ্ট অর্থায়ন

(ছ) নিট জিরো অ্যালায়েন্স

(জ) আর্থিক খাত সবুজীকরণ।

২। পার্থক্যসহকারে বর্ণনা করুন (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) গ্রীন গভর্ন্যান্স ও কর্পোরেট গভর্ন্যান্স

(খ) ব্লু অর্থনীতি ও সবুজ অর্থনীতি

(গ) সবুজ অর্থায়ন ও জলবায়ু অর্থায়ন

(ঘ) কার্বন ফুটপ্রিন্ট পরিমাপ ও কার্বন হিসাবায়ন

(ঙ) পরিবেশগত ঝুঁকি ও ঋণ ঝুঁকি

(চ) জ্বালানীভিত্তিক শক্তি ও নবায়নযোগ্য শক্তি

(ছ) জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজন

(জ) সূচকভিত্তিক বিমা ও শস্য বিমা।

৩। (ক) সবুজ অর্থায়ন কেন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য গুরুত্বপূর্ণ? ৬

(খ) টেকসই অর্থায়নের চ্যালেঞ্জ ও সম্ভাবনাসমূহ কী কী? ৬

(গ) টেকসই অর্থায়ন ট্যাক্সনমির চিত্র এঁকে টেকসই অর্থায়নের উপাদানসমূহ বর্ণনা করুন এবং অন্যান্য টেকসই অর্থায়ন চিহ্নিত করার প্রক্রিয়া বর্ণনা করুন। ৮

৪। (ক) সাসটেইনেবলিটির মূলনীতি 'পিপল', 'প্ল্যানেট' ও 'প্রফিট' বর্ণনা করুন এবং এগুলো সাসটেইনেবলিটির পরিবেশগত, সামাজিক ও অর্থনৈতিক মূলধারায় কীভাবে সম্পর্কিত? ৪+৪=৮

(খ) গ্রীন ইনভেস্টমেন্ট ও গ্রীন ওয়াশিং এর মধ্যে পার্থক্যগুলো কী কী? ৪

(গ) একটি গ্রীন ইনভেস্টমেন্ট কীভাবে গ্রীন ওয়াশিং এ বদলে যেতে পারে? একটি গ্রীন ওয়াশিং কর্মকাণ্ড কী একটি ব্যবসা প্রতিষ্ঠানকে মানি লন্ডারিংয়ের পথে পরিচালিত করতে পারে? ৪+৪=৮

৫। (ক) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাসটেইনেবলিটি রেটিং কী? ৪

(খ) আর্থিক খাতের উপর সাসটেইনেবলিটি রেটিং এর প্রভাব বর্ণনা করুন। ৪

(গ) সাসটেইনেবলিটি রেটিং এর প্রধান প্রধান উপাদানসমূহ বর্ণনা করুন। ৬

(ঘ) সাসটেইনেবলিটি রেটিং এর বস্তুগত ও গুণগত উপাদানসমূহ বর্ণনা করুন। ৬

৬। (ক) "ডি-কার্বনাইজেশন" বলতে কী বুঝায়? স্মার্ট শহরগুলো কীভাবে ডি-কার্বনাইজেশন-কে ত্বরান্বিত করতে পারে? ৬

(খ) সাসটেইনেবলিটির সাথে টেকসই উন্নয়ন অভীষ্ট কীভাবে সমন্বিত হয় তা বর্ণনা করুন। ৭

(গ) 'কোভিড-১৯" অতিমারি পরিস্থিতিতে সাসটেইনেবলিটির উপর অভিঘাত মোকাবিলায় আপনি কী কী বাঁধার সম্মুখীন হয়েছেন? ৭

৭। (ক) 'গ্রীন বন্ড' এবং 'ব্লু বন্ড' বলতে কী বলতে কী বুঝায়? ৬

(খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রবর্তিত গ্রীন বন্ড অর্থায়ন নীতিমালা অনুযায়ী একটি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের গ্রীন বন্ডে বিনিয়োগের পদ্ধতিগুলো বর্ণনা করুন। ৬

(গ) ব্যাংকসমূহ কীভাবে গ্রীন বন্ড ইস্যুর মাধ্যমে স্বল্পমেয়াদি আমানতের বিপরীতে দীর্ঘমেয়াদি ঋণ প্রদানের সমস্যা এড়াতে পারে এবং দেশের অবকাঠামোগত উন্নয়নে ভূমিকা রাখতে পারে? ৮

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

নম্বর

৮। (ক) আর্থিক অন্তর্ভুক্তির জন্য "নো ফ্রিল একাউন্ট" বলতে কী বুঝায়? ৪

(খ) বাংলাদেশে আমানত অন্তর্ভুক্তির জন্য নীতি পদ্ধতি বর্ণনা করুন। ৬

(গ) ক্রেডিট গ্যারান্টি স্কীম বলতে কী বুঝায়? আপনার মতে গ্রীন ক্রেডিট গ্যারান্টি স্কীম এর আওতায় সম্ভাব্য খাতসমূহ কী কী? ৫+৫=১০

৯। (ক) বাংলাদেশ ব্যাংকের 'পুনঃ অর্থায়ন স্কীম' বলতে কী বুঝায়? পরিবেশবান্ধব অর্থায়ন প্রসারে বাংলাদেশ ব্যাংকের মূল পুনঃ অর্থায়ন স্কীমসমূহ কী কী? ৬

(খ) গ্রীন ট্রান্সফরমেশন ফান্ড (জিটিএফ) হতে পুনঃ অর্থায়ন প্রাপ্তির পদ্ধতি ব্যাখ্যা করুন। ৪

(গ) সাসটেইনেবল ফাইন্যান্স ডেডিকেটেড হেল্প ডেস্ক এবং সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিট বলতে কী বুঝায়? বাংলাদেশ ব্যাংক হতে এ সব ডেস্ক স্থাপনের নির্দেশসমূহ কী কী? ১০

১০। হিমালয়ান ড্রেসার্স লিঃ বিখ্যাত নীট গার্মেন্টস, রপ্তানিকারক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ইতোমধ্যে এনার্জি সাশ্রয়ী মূলধনী যন্ত্রপাতি সম্বলিত একটি পরিবেশবান্ধব ভবন স্থাপনের মাধ্যমে ব্যবসা সম্প্রসারণের প্রকল্প গ্রহণ করেছে। এজন্য XYZ ব্যাংক লিঃ প্রতিষ্ঠানটিকে সহায়তা করছে। প্রতিষ্ঠানটি মূলধনী যন্ত্রপাতি ক্রয়পূর্বক নতুনভাবে ভবন স্থাপন করেছে। মেশিনারি স্থাপনের পূর্বে প্রতিষ্ঠানটির মালিক স্থানীয়ভাবে অগ্নিনির্বাপক সরঞ্জাম ও বৈদ্যুতিক সেটআপ ক্রয় করেন। XYZ ব্যাংক লিঃ হিমালয়ান ড্রেসার্স এর পক্ষে মূলধনী যন্ত্রপাতি আমদানির জন্য কিছু Upas L/C স্থাপন করে। এলসিগুলো প্রাথমিকভাবে XYZ ব্যাংক লিঃ এর অফশোর ব্যাংকিং অপারেশনস্ কর্তৃক অর্থায়ন করা হয়েছিল। সংশ্লিষ্ট এলসিসমূহের এক্সেপটেন্স মেয়াদ শেষে প্রতিষ্ঠানটির মালিক বাংলাদেশ ব্যাংকের GTF/TDF এর মতো পুনঃ অর্থায়ন স্কীম সম্পর্কে জানতে পারেন এবং এ সকল পুনঃ অর্থায়ন স্কীম হতে পুনঃ অর্থায়ন প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য XYZ ব্যাংক লিঃ অনুরোধ করেন। মেয়াদি ঋণের উচ্চ সুদ হারের কারণে প্রতিষ্ঠানটির মালিক পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণে আগ্রহী। মূলধনী মেশিনারিজ বাবদ ৩.৫ মিলিয়ন মার্কিন ডলার এবং অন্যান্য আনুষঙ্গিক তথ্যাদি নিম্নরূপ : ২০

১। স্থানীয় প্রকিউরমেন্ট ব্যয় ১০.০০ কোটি টাকা।

২। দুইমাস পূর্বে XYZ ব্যাংক লিঃ মূলধনী যন্ত্রপাতির আমদানি ব্যয় পরিশোধকল্পে ১টি মেয়াদি ঋণ সৃষ্টি করেছে।

৩। আমদানিকৃত যন্ত্রপাতির ৮০% এনার্জি সাশ্রয়ী।

৪। XYZ ব্যাংক লিঃ একটি বেসরকারি বাণিজ্যিক ব্যাংক যার খেলাপী ঋণের হার ৭.৫%।

৫। GTF এবং TDF উভয় ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক PFI সমূহকে ১% সুদ আরোপ করে এবং PFI গ্রাহককে সর্বোচ্চ ৫% সুদ চার্জ করতে পারবে।

৬। গ্রাহক কর্তৃক ইতোমধ্যে ইক্যুইটি হিসেবে আমদানি খরচের ২০% প্রদান করা হয়েছে।

৭। গ্রাহক পরিবেশবান্ধব ভবনের জন্য পৃথক পুনঃ অর্থায়নের জন্য আবেদন করার বিষয়টি বিবেচনা করছে।

**উপরোক্ত বিষয়সমূহ বিবেচনা করে নিম্নোক্ত প্রশ্নসমূহের উত্তর দিন :**

(ক) কোন পুনঃ অর্থায়ন সুবিধাটি প্রতিষ্ঠানটির জন্য উপযুক্ত বলে আপনি মনে করেন?

(খ) প্রকল্পটির জন্য প্রতিষ্ঠানটি কী পরিমাণ পুনঃ অর্থায়ন সুবিধা পেতে পারে?

(গ) অনুমোদিত ঋণের মেয়াদ ও প্রযোজ্য গ্রেস পিরিয়ড কত হবে?

(ঘ) আবেদনকারী কি পরিবেশ বান্ধব ভবনের জন্য পৃথক পুনঃ অর্থায়ন সুবিধার আবেদন করতে পারবে?

(ঙ) গ্রাহক যদি নির্ধারিত উদ্দেশ্যের বাইরে ঋণের অর্থ ব্যবহার করেন, তাহলে ব্যাংকের অর্থায়নের উপর কী প্রভাব পড়বে এবং ব্যাংকের বিরুদ্ধে কী ব্যবস্থা নেয়া হতে পারে?